



সংবাদ বিজ্ঞপ্তি

সিয়ামের পরিবারকে নোবিপ্রবি প্রশাসনের অনুদান প্রদান

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষা প্রশাসন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী মোঃ মোস্তফা তারেক সিয়ামের আকস্মিক মৃত্যুর ঘটনায় তার পরিবারকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। আজ মঙ্গলবার (১২ নভেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তার দপ্তরে সিয়ামের পিতা মোঃ শরিফুল ইসলামের নিকট ২ লক্ষ ৫০ হাজার টাকার চেক ও আনুষঙ্গিক খরচসহ মোট ৩ লক্ষ ৫০ হাজার টাকা অনুদান প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস (আইআইএস) এর পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলাম, ভাষা শহীদ আবদুস সালাম হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মালেক উকিল হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকার, চীফ মেডিকেল অফিসার (প্রশাসনিক) ড. মোহাম্মদ মফিজুল ইসলাম, শিক্ষা প্রশাসন বিভাগের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) জি এম রাকিবুল ইসলাম সহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ।

প্রসঙ্গত, ৩০ অক্টোবর ২০২৪ নোবিপ্রবি শিক্ষা প্রশাসন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী মোঃ মোস্তফা তারেক সিয়াম (২১) মৃত্যুবরণ করেন। খেলার মাঠে বৃষ্টি অনুভূত হবার পর হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪